

## প্রেস রিলিজ

২৭ নভেম্বর ২০২৪

### বাউবির বিএ/বিএসএস পরীক্ষা ২৯ নভেম্বর ২০২৪ থেকে শুরু

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২২ আগামী ২৯ নভেম্বর ২০২৪ শুক্রবার থেকে দেশব্যাপী একযোগে শুরু হতে যাচ্ছে। সারাদেশে অবস্থিত বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজে সর্বোমোট ২৮৫টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ সেমিস্টারে মোট ২ লক্ষ ৭৯ হাজার ৮শত ৭৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবেন। পরীক্ষার্থীদের মধ্যে ১ লক্ষ ৫৯ হাজার ১ শত ৩৮ জন পুরুষ এবং ১ লক্ষ ২০ হাজার ৭ শত ৩৭ জন নারী।

প্রতিবছরের মতো এবারও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এছাড়াও বাউবি থেকে ভিজিলাস টিম বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করবেন। বিস্তারিত বাউবির ওয়েবসাইট [www.bou.ac.bd](http://www.bou.ac.bd) থেকে জানা যাবে।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
মোবাইল- ০১৭১১২০৭৬৯৮